ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/কামিল (স্নাতকোত্তর) প্র. পা./২০২৩/ ১৪৪৬৫ তারিখ: ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ২০ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে মোরেলগঞ্জ লতিফিয়া ফাজিল মাদরাসা (MORRERGONJ LATIFIA FAZIL MADRASAH, EIIN: 115107), মোরেলগঞ্জ, বাগেরহাট -এর অধ্যক্ষ কর্তৃক ২৯.০৪.২০২৩খ্রি. তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির ধারা ১৩ (গ) অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ধারা ১৩ (ঙ) মোতাবেক ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনের তারিখ ১৯.০৩.২০২৫ খ্রিষ্টাব্দ থেকে ১৮.০৩.২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত নিম্নোক্ত শর্তে ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল -

**শর্তসমূহঃ**

১. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ এর কার্যক্রম চালু হবে।
২. বিধি মোতাবেক অখন্ড ভূমির পরিমান ২.০০ একরে উন্নীত করতে হবে।
৩. শ্রেণি কক্ষে মূল কিতাবের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে।
৪. ফাজিল (স্নাতক) স্তরে নিয়মিত ক্লাস অনুষ্ঠান করতে হবে এবং ফাজিল স্তরে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৫. সকল শ্রেণীকক্ষের সামনে আরবিতে শ্রেণীর নাম লিখতে হবে।
৬. সকল শ্রেণীকক্ষে প্রয়োজনীয় সংখ্যক বৈদ্যুতিক ফ্যানের ব্যবস্থা করতে হবে।
৭. অধ্যক্ষের কক্ষের সাথে সংযুক্ত টয়লেটের ব্যবস্থা করতে হবে।
৮. দ্রুততম সময়ের মধ্যে মাদরাসার সাইনবোর্ড ও প্যাড এ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কথাটি লিখতে হবে।
৯. কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগের পাঠদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ করতে হবে।
১০. লাইব্রেরিতে বই পড়ার মনোরম পরিবেশ প্রস্তুতপূর্বক কামিল হাদিস বিভাগের বিষয় ভিত্তিক রেফারেন্স বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং প্রতি শিক্ষাবর্ষে ন্যূনতম ৫০ (পঞ্চাশ) টি বই ক্রয় করতে হবে।
১১. যাবতীয় আয়-ব্যয়, ক্রয়, সংগ্রহ সরকারি বিধি অনুযায়ী পরিচালনা করতে হবে এবং বিধি মোতাবেক বার্ষিক বাজেট নির্ধারণ করে ফাইল নোটের মাধ্যমে আর্থিক বিষয়াদির অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১২. শিক্ষার্থীদের মধ্যে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে।
১৩. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২০/০৩/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও
মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
মোরেলগঞ্জ লতিফিয়া ফাজিল মাদরাসা
মোরেলগঞ্জ, বাগেরহাট ।

স্মারক নং- ইআবি/পরি/কামিল (স্নাতকোত্তর) প্র. পা./২০২৩/ ১৪৪৬৫ তারিখ: ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ২০ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, মোরেলগঞ্জ লতিফিয়া ফাজিল মাদরাসা, মোরেলগঞ্জ, বাগেরহাট, চাঁদপুর ।
৮। অফিস নথি।

20/03/25

(মোহাম্মদ শরীফুল ইসলাম)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৮৮১-১১৪৪৮৩